# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৫৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রথম কাতারে সালাত আদায়কারীর জন্য ফেরেস্তাগণ ক্ষমা প্রার্থনা করেন এবং মহান আল্লাহ ক্ষমা করে দেন

## ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَعَ اسْتِغْفَارِ الْمَلَائِكَةِ لِلْمُصَلِّي فِي الصَّفِّ الْأَوَّلِ

আরবী

2154 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ الْحَسَنِ حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ حازم سمعت زبيد الْإِيَامِيَّ يُحَدِّثُ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْسَجَةَ عَنِ الْبَرَاءِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْتِينَا فَيَمْسَحُ عَوَاتِقَنَا وَصُدُورَنَا وَيَقُولُ: (لَا تَخْتَلِفْ صُفُوفُكُمْ فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ إِنَّ اللَّهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ على الصف الأول).

الراوي : الْبَرَاء | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2154 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (670)

বাংলা

২১৫৪. বারা বিন আযিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (সালাত কাতারবদ্ধ অবস্থায়) আমাদের কাছে আসতেন, আমাদের বক্ষ ও কাঁধ বুলিয়ে (কাতার সোজা করে) দিতেন এবং বলতেন, “তোমাদের কাতারগুলো যেন অসমান না হয়, অন্যথায় তোমাদের অন্তরগুলো মতভেদপ্রবণ হয়ে যাবে। নিশ্চয়ই আল্লাহ প্রথম কাতারের (মুসল্লীদের) উপর রহমত করেন এবং ফেরেস্তাগণ তাদের জন্য ক্ষমা প্রার্থনা করেন।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৭৪১; মুসনাদ আহমাদ: ৪/৩০৪; দারেমী: ১/২৮৯; ৃইবনুল জারূদ: ৩১৬; সহীহ ইবনু

খুযাইমাহ: ১৫৫১; সুনান বাইহাকী: ৩/১০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন